কালের কণ্ঠ

তারিখ : 23 NOV 2016
পৃষ্ঠা : ২ কলাম : ৪

# ছুটিতে পরীক্ষায় অংশ নেবেন না সরকারি কলেজ শিক্ষকরা

নিজস্ব প্রতিবেদক ▷

অবকাশকালীন ছুটিতে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক পরীক্ষা গ্রহণ ও ভর্তি কার্যক্রম পরিচালনা, ফরম ফিলাপসহ একাডেমিক কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত পরিবর্তনের দাবিতে বিশ্ববিদ্যালয়কে আলটিমেটাম দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে বিসিএস সাধারণ শিক্ষা সমিতি। বন্ধের মধ্যে কোনো একাডেমিক কার্যক্রমে সরকারি কলেজ অংশ নেবে না মর্মে বিষয়টি জাতীয় বিশ্ববিদ্যালয়কে জানিয়ে দিয়েছে সমিতি। সমিতির কর্মসূচির অংশ হিসেবে গতকাল মঙ্গলবার বিসিএস সাধারণ শিক্ষা সমিতির ঢাকা কলেজ ইউনিট প্রতিবাদ সভা ও মানববন্ধনের আয়োজন করে।

বক্তারা বলেন, ১৫ ডিসেম্বর থেকে ১৫ দিনের অবকাশকালীন ছুটি। কিন্তু এর মধ্যেই ১৭ ডিসেম্বর থেকে সম্মান শ্রেণির পরীক্ষার তারিখ ঘোষণা করেছে জাতীয় বিশ্ববিদ্যালয়। ডিসেম্বর মাসে বিকেলে পরীক্ষা থাকলে ছাত্রীদের বাড়ি ফিরতে যেমন সমস্যা হয়; তেমনি শিক্ষকদেরও পরীক্ষা শেষে খাতা গুছিয়ে হিসাব-নিকাশ করতে কলেজেই রাত ১০টা বেজে যায়। তাই সবার দাবি অবকাশকালীন ছুটিতে পরীক্ষা নেওয়া যাবে না।

জাতীয় বিশ্ববিদ্যালয় সেশনজট নিরসনে ক্র্যাশ প্রোগ্রাম চালাচ্ছে। সেখানে এক বছরের কোর্স ৯ মাসে শেষ করা হচ্ছে। কিন্তু কারিকুলামে পরিবর্তন না আনায় আর কলেজগুলোয় বছরজুড়েই পরীক্ষা থাকায় শিক্ষার্থীরা কোর্সের অর্ধেকও শেষ করতে পারছে না। কিন্তু ঠিকই তাদের পরীক্ষায় অংশ নিতে হচ্ছে। এই ক্রাশ প্রোগ্রামের আওতায়ই অবকাশকালীনও পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

প্রতিবাদ সভায় ঢাকা কলেজের সব শিক্ষক অংশ নেন। বক্তব্য দেন অধ্যাপক মাসুদা বেগম, অধ্যাপক আবু তাহের পাটোয়ারি, অধ্যাপক শাহীনা আক্তার বানু, অধ্যাপক নেহাল আহমেদ, কেন্দ্রীয় সেমিনার সচিব আব্দুল কুদ্দুস সিকদার, শেখ সাব্বির আহমেদ, ওবায়দুল করিম প্রমুখ। সভা পরিচালনা করেন ড. মো. দিল্লুর রহমান।